দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 3 AUGUST 2025 , SUNDAY | ৩ আগস্ট ২০২৫ , রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-352

## কলকাতা বিমানবন্দরে ট্রানজিটের কাঁচ ভেঙে ভারতে ঢোকার চেষ্টায় গ্রেফতার বাংলাদেশী যুবক




এই যুগ , কলকাতা,২ আগস্ট : সিঙ্গাপুর থেকে বাংলাদেশের ঢাকায় যাচ্ছিলেন বাংলাদেশী এক যুবক। কলকাতা বিমানবন্দরের ইন্টারন্যাশনাল ট্রানজিটে ছিলেন ওই বাংলাদেশী যুবক। ওই ট্রানজিটের জায়গা কাঁচ দিয়ে ঘেরা থাকে। কাঁচ ভেঙে ভারতে ঢোকার চেষ্টা করেছিলেন বাংলাদেশের যুবক ,যার নাম মহম্মদ আসরাফুল হোসেন। শুক্রবারের এ ঘটনার পরেই তাঁকে হাতেনাতে ধরে সিআইএসএফ। তুলে দেওয়া হয় রাজ্য পুলিশের হাতে। শনিবার ব্যারাকপুর আদালতে তোলা হয় আসরাফুলকে । ৩ দিনের জন্য জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক।বিমানে এক কোনও দেশ থেকে এসে অন্য কোনও দেশে যাওয়ার বিমান ধরার আগে ইন্ট্যারন্যাশনাল ট্রানজিটে থাকেন এমন যাত্রী। বাংলাদেশ নাগরিক মহম্মদ আসরাফুল হোসেনের ক্ষেত্রেও বিষয়টিই তাই ছিল। ভারতে ঢোকার জন্য প্রয়োজনীয় ভিসা তাঁর কাছে ছিলো না। কাচ ভেঙে পালানোর চেষ্টা করতেই সিআইএসএফ আসরাফুলকে গ্রেফতার করে। শুক্রবারই তাঁর জন্য অস্থায়ী ল্যান্ডিং পারমিটের ব্যবস্থা করে পুলিশের হাতে তুলে দিয়েছিল বিমানবন্দরের দায়িত্বে থাকা সিআইএসএফ ।

## আমাদের পাড়া আমাদের সমাধান শিবির পরিদর্শনে জেলাশাসক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২ আগস্ট :রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর ঘোষনা মতো শনিবার থেকে রাজ্যে শুরু হয়েছে আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচি। শনিবার আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের তুরতুরিখন্ড গ্রাম পঞ্চায়েতের কমিউনিটি হলে আয়োজিত আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচির শিবির পরিদর্শনে যান আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, অতিরিক্ত জেলাশাসক ভূমি ও ভূমিসংস্কার কৃপেন্দ্র সিং সহ অন্যান্য আধিকারিকগন। জেলাশাসক জানান শিবিরে গিয়ে সাধারন মানুষের সাথে কথা বলে তাদের বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং সেগুলির সমাধান শিবিরে উপস্থিত এলাকাবাসীরা কিভাবে করবেন সে সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ দেন। কর্মসূচি আয়োজনে কোনো অসুবিধা হচ্ছে কিনা সে বিষয়েও তিনি খোঁজ খবর নেন।

## আটচল্লিশ টি সিসি টিভি ক্যামেরা সহ নতুন কন্ট্রোল রুমের উদ্বোধন করলেন মন্ত্রী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার ,২ আগস্ট :কোচবিহার জেলার দিনহাটা শহরের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে দিনহাটা পুলিশের উদ্যোগে শহরের বিভিন্ন ট্রাফিক সিগনাল ও গুরুত্বপূর্ণ মোড়গুলিতে আটচল্লিশ টি সিসি টিভি ক্যামেরা বসানো হয়েছে। শনিবার এই সিসি টিভি ক্যামেরা গুলির উদ্বোধন করেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। পাশাপাশি এদিন দিনহাটা থানায় একটি নতুন কন্ট্রোল রুম ও একটি নতুন ই মালখানার ও উদ্বোধন করা হয়। এর সাথে পঞ্চাশটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধারের পর সেগুলি এদিন প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া হয় দিনহাটা থানায়। উপস্থিত ছিলেন কোচবিহার জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য, দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক ধীমান মিত্র, দিনহাটা পৌরসভার চেয়ারম্যান অপর্না দে নন্দী, দিনহাটা থানার ভারপ্রাপ্ত আধিকারিক সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন।

## বক্সার জঙ্গলে আনা হবে বাঘ



মলয় দেবনাথ,এই যুগ,আলিপুরদুয়ার,২ আগস্ট : বক্সার জঙ্গলে বাঘ আনার পরিকল্পনা চলছে বনদপ্তরের পক্ষ থেকে। বাঘের খাদ্য হিসেবে হরিণের সংখ্যাও বাড়ানো হচ্ছে বক্সার জঙ্গলে । বক্সার জঙ্গলে ঘাস বন বাড়ানো চলছে প্রতি বছর। জঙ্গলে বাঘএমনটাই জানা গেছে বক্সার বনকর্তার কাছ থেকে শনিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। বক্সার জঙ্গলে হরিণ বাইসন বুনো শুয়োরের সংখ্যা বেড়ে গেলে বাঘ চলে আসতে পারে। বাঘের সঙ্গে জনতার সংঘাত কমাতে সব রকম প্রচেষ্টা করা হচ্ছে এমনটাও জানিয়েছেন বনকর্তা।

# সশস্ত্র সীমা বলের ৫৩ নম্বর ব্যাটালিয়নের উদ্যোগে স্বেচ্ছা রক্তদান শিবির




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২ আগস্ট :সশস্ত্র সীমা বলের ৫৩ নম্বর ব্যাটালিয়ন শিমলাবাড়ি ফালাকাটার উদ্যোগে শনিবার শিমলাবাড়িতে আয়োজিত হয় এক স্বেচ্ছা রক্তদান শিবির। সশস্ত্র সীমা বলের তিপ্পান্ন নম্বর ব্যাটালিয়ন এর কম্যান্ডান্ট শ্রী বিজয় সিং এর নির্দেশনা ও তত্ত্বাবধানে এই শিবিরে পঁচিশ জন জওয়ান রক্ত দান করেন। রক্তদাতা জওয়ানদের প্রশংশা করেন উপিস্থিত আধিকারিকগন সহ চিকিৎসক গন।কম্যান্ডান্ট বিজয় সিং জানান রক্তদান একটা মহৎ কাজ শুধু নয় এটি একটি জীবন দায়ী উপহার যা একজন মুমূর্ষু ব্যক্তির প্রাণ বাঁচাতে পারে। তিনি আরও জানান স্থানীয় বাসিন্দাদের রক্তদানে উৎসাহিত করার পাশাপাশি রক্তদান সম্পর্কে যে ভুল ধারনা গুলি আছে সেগুলি দূর করার লক্ষ্যে সাধারন মানুষের মধ্যে সচেতনতার বার্তা প্রচারের উদ্দ্যেশ্যে এই রক্তদান কর্মসূচি।

# গৃহবধুকে বিষ খাইয়ে মেরে প্রমাণ লোপাটের চেষ্টা মৃতদেহ সৎকার করে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ আগস্ট : গৃহবধূকে পরিকল্পিতভাবে মেরে তার মৃতদেহ দাহ করে দিয়েছেন শ্বশুরবাড়ি লোকেরা তার বাপের বাড়ির সদস্যদের না জানিয়েই। এমনই চাঞ্চল্যকর অভিযোগ জমা পড়েছে শামুকতলা থানার পুলিশের কাছে। পুলিশ অভিযোগের তদন্তের আশ্বাস দিয়েছে। ২০ ২০২০ সালের ফেব্রুয়ারি মাসের ২ তারিখ মধ্য কামাখ্যাগুড়ি এলাকার বাসিন্দা পিয়ালী বিয়ে হয়েছিল সামাজিকভাবে শামুকতলা থানার মাঝির ডাবের গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ শিব কাটা এলাকায়। নগদ টাকা সহ পর্যাপ্ত পরিমাণে কম দেওয়া হয়েছিল বিয়েতে। বিয়ের পর থেকেই তার শাশুড়ি সহ পরিবারের অন্যান্যরা নির্যাতন শুরু করেছিলেন বাবার বাড়ি থেকে টাকা আনার জন্য। গত ১৪ জুলাই রাতে জোর করে তাকে বিষ খাওয়ানো হয়েছে প্রানে মারার জন্য। ১৫ তারিখ তাকে চিকিৎসার জন্য যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুদিন বাদে তাকে আলিপুর দুয়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় এরপরে কোচবিহার নিয়ে যাওয়া হয়। গত ৩০ শে জুলাই পিয়ালী মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে হেরে যায়। তারপর তার বাবার বাড়ির লোকেদের না জানিয়েই প্রমাণ লোপাটের জন্য মৃতদেহ ময়না তদন্ত না করেই সৎকার করে দেন শ্বশুরবাড়ির লোকেরা। এমনই চাঞ্চল্যকর অভিযোগ তুলেছেন পিয়ালীর বাবা কার্তিক দাস। যদিও অভিযোগ দায়ের হয়েছে তার শ্বশুরবাড়ির চারজন সদস্য সহ পার্শ্ববর্তী বাড়ির এক বাসিন্দার বিরুদ্ধে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# বনদপ্তরের অভিযানে উদ্ধার প্রচুর চোরাই কাঠ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ আগস্ট : বনদপ্তরের কর্মীদের অভিযানে বাজেয়াপ্ত করা হলো প্রায় পঁচিশ সিএফটি চোরাই কাঠ। এমনটাই জানা গেছে বনদপ্তরের কর্মকর্তার কাছ থেকে শনিবার বিকেল সাড়ে চারটা নাগাদ। বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল থেকে গাছ কেটে এনে চেরাই করে পাচারের আগেই উদ্ধার করা হয়েছে প্রায় ২৫ সিএফটি সাল এবং চিকরাশি কাঠ। বক্সার ব্যাঘ্র প্রকল্পের ছিপড়া বিটের বিট অফিসার সুজিত বর্মনের নেতৃত্বে তুরতুরি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এই কাঠগুলো উদ্ধার করা হয়েছে। গোপন খবরের ভিত্তিতে এই কাঠ গুলি উদ্ধার করা সম্ভব হয়েছে। উদ্ধার করা কাঠের বাজার মূল্য কম করে ৫০ হাজার টাকা। সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার দেবাশীষ মন্ডল জানিয়েছেন অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে চোরাই কাঠ ব্যবসায়ীদের বিরুদ্ধে।

# শিক্ষামন্ত্রী কে চিঠি দিলেন কুমারগ্রামের বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ আগস্ট : কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও শিক্ষামন্ত্রীকে চিঠি দিলেন আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের একমাত্র কলেজ সিধু কানু কলেজের উন্নয়ন প্রকল্পের জন্য। সিধু কানু কলেজে যাওয়ার একমাত্র রাস্তাটি বেহাল অবস্থায় পড়ে আছে। তাছাড়া কলেজ স্থাপিত হওয়ার পর উন্নয়ন তেমন কিছু হয়নি। নানারকম সমস্যায় জর্জরিত শামুকতলা সিধু কানু কলেজ। ২০১০ সালে এই কলেজ শুরু হয়েছিল। পানীয় জল থেকে শুরু করে নানা রকম সমস্যার জর্জরিত এই কলেজটি। তাছাড়া কলেজের কোন সীমানা প্রাচীর তৈরি হয়নি এখনো পর্যন্ত। আদিবাসী এলাকার শিক্ষা বিস্তারে এই কলেজ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। ছাত্র-ছাত্রীদের কথা মাথায় রেখে অতি দ্রুত এই কলেজের পরিকাঠামো সহ উন্নয়ন করা জরুরি বলে মনে করছেন বিধায়ক।

# পাচারের পথে ভারত নেপাল সীমান্তে উদ্ধার এক নাবালিকা সহ ছয় তরুনী ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা,এই যুগ ,শিলিগুড়ি, ২ আগস্ট: নেপাল থেকে শিলিগুড়ি হয়ে হংকঙে পাচারের পথে ভারত নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে উদ্ধার এক নাবালিকা সহ ছয় তরুনী। গ্রেপ্তার দুই। জানা গেছে গপিন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার ভারত নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে মোতায়েন সশস্ত্র সীমা বলের একচল্লিশ নম্বর ব্যাটালিয়ন এর সি কোম্পানীর জওয়ানরা একটি বিলাসবহুল ছোট চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালান। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় এক নাবালিকা সহ ছয় তরুনী। গ্রেপ্তার করা হয় দুই জনকে। সশস্ত্র সীমা বল সূত্রে জানা গেছে ধৃতরা হলো দীপেশ গুরুং, দার্জিলিং এর নেপানিয়া তোড়িবাড়ি বেলগাছির বাসিন্দা অপরজন হলো জাপান গুরুং, নেপালের বাসিন্দা। সশস্ত্র সীমা বল সূত্রে আরও জানা গেছে এই দুজন দীর্ঘদিন ধরে নারী পাচারের সাথে যুক্ত। আটক তরুনীরা সকলেই নেপালের বাসিন্দা। হংকঙে তাদের কাজ দেওয়া হবে বলে শিলিগুড়ি নিয়ে আসা হচ্ছিলো তরুনীদের জাল নথিপত্র বানিয়ে পরে হংকঙে পাঠানোর উদ্দ্যেশ্যে। ধৃতদের শনিবার খড়িবাড়ি থানার পুলিশকে হস্তান্তর করে এস এসবি। খড়িবাড়ি থানায় ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে শনিবার শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে। আটক তরুনীদের ও আটক গাড়িটিও পুলিশকে হস্তান্তর করা হয়। পুলিশ তরুনীদের পরিবারের সাথে যোগাযোগ করছে তাদের পরিবারের হাতে তুলে দেবার জন্য। এস এসবি ও পুলিশের অনুমান ধৃত দুজন আন্তর্জাতিক নারী পাচার চক্রের সাথে জড়িত। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# কালচিনির দলবদল বস্তিতে হাতির মৃত্যুতে চাঞ্চল্য



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২ আগস্ট :আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের চুয়াপাড়া গ্রাম পঞ্চায়েতের দলবদল বস্তিতে একটি হাতির মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গেছে শনিবার সকালে স্থানীয় বাসিন্দারা একটি ফাঁকা মাঠে হাতিটিকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখে বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্পের কর্মীদের খবর দেন। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌছে হাতির মৃতদেহটি ঘিরে রাখেন। বন কর্মীরা জানান এটি একটি পূর্ণবয়স্ক মাদা হাতি। হাতিটির মৃত্যুর কারন জানা যায়নি। বন দপ্তর সূত্রে জানানো হয়েছে ময়না তদন্তের পর হাতিটির মৃত্যুর সঠিক কারন জানা যাবে। বন কর্মীরা ক্রেনের সাহায্যে হাতিটির দেহ উদ্ধার করে নিয়ে যান।

# লোডশেডিং এ স্যালাইন হাতে রোগীরা থাকেন বাইরে দাঁড়িয়ে অন্ধকারে



মলয় দেবনাথ,এই যুগ,আলিপুরদুয়ার,২ আগস্ট : জেনারেটর আছে তেল নেই। লোডশেডিং এ জেনারেটর চালানোর মত আলাদা কোন লোক নিয়োগ হয়নি। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার অনেক গ্রামীণ হাসপাতাল কিংবা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গেলে এমন দৃশ্যই চোখে পড়ে। কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে লোডশেডিং কালে জেনারেটর চলে না। ফলে প্রচন্ড গরম হলে রোগীরা স্যালাইন হাতে নিয়েও বাইরে চলে আসার অভিযোগ শোনা যায় রোগীদের কাছ থেকেই। লোডশেডিং কালে পর্যাপ্ত পরিমাণে আলোর ব্যবস্থা নেই। একটিমাত্র ইনভার্টার দিয়েই অন্ধকার দূরীকরণ করা হয়। মাঝে মধ্যেই ঝড় বৃষ্টি হলে এই দৃশ্য লক্ষ করা যায় । অভিযোগ, লোডশেডিং হলে কোন সময় চালানো হয় না হাসপাতালে থাকা জেনারেটর । হাসপাতালে অন্য কোথাও এতে সমস্যায় পড়েন প্রসুতি মা থেকে হাসপাতালে বিভিন্ন ভর্তি থাকা রোগীরা । রোগীর আত্মীয়দের অভিযোগ, লোডশেডিং হলে হাসপাতাল এলাকা গোটা ক্যাম্পাস অন্ধকারে থাকে পর্যাপ্ত বিদ্যুৎ-এর পরিষেবা নেই । আরও অভিযোগ ,এই ধরণের সমস্যা প্রায়ই লক্ষ করা যায় তবে একটি সরকারী হাসপাতালে জেনারেটর পরিষেবা মিলছে না এই নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকেই । এই বিষয়ে কুমারগ্রাম ব্লকের বিএমওএইচ সৌম্য গায়েন বলেন,এই ধরণের কোন লিখিত কোন অভিযোগ পাইনি তবে পেলে অবশ্যই বিভিন্ন দেখা হবে উর্ধতন কর্তৃপক্ষে জানানো হবে ।

# মুখ্যমন্ত্রীর নির্দেশে আলিপুরদুয়ার পৌরসভা এলাকায় শিবির শুরু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ আগস্ট : ২২ শে জুলাই নবান্ন থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়' আমাদের পাড়া আমাদের সমাধান 'প্রকল্পের ঘোষণা করেন। ঐদিনই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২ রা আগষ্ট থেকে এই কর্মসূচি শুরু করার কথা নির্দেশ দিয়েছিলেন। এরপর গোটা রাজ্যের পাশাপাশি আলিপুরদুয়ারেও শনিবার থেকে এই কর্মসূচির শুভ সূচনা শুরু হয়।এদিন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করের নিজস্ব - ১ নং ওয়ার্ড থেকে কর্মসূচির শুভ সূচনা হয়। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের মহকুমা শাসক দেবব্রত রায় সহ পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর সহ একঝাঁক জেলা প্রশাসনের এবং পৌরসভার কর্মীরা। সূত্রের পাওয়া খবর অনুযায়ী জেলায় ১২৯১ টি বুথ রয়েছে। যার মধ্যে ৬০ টি বুথ রয়েছে শুধুমাত্র শহরে।প্রতিটি বুথ থেকে ১০ লক্ষ টাকা ব্যায়ে পাড়ার সাধারণ মানুষের দাবিকে মান্যতা দিয়ে এই প্রকল্পের কাজ করা হবে।এদিন আলিপুরদুয়ারের মহকুমা শাসক দেবব্রত রায় এবং পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর শহরের -১ নং ওয়ার্ডের বাসিন্দাদের নিয়ে সংশ্লিষ্ট অরবিন্দ নগর বালিকা বিদ্যালয়ে এক বৈঠক সারেন।এই বৈঠক থেকেই শহরের ১ নং ওয়ার্ডের বাসিন্দারা মোট ২০ টি পাড়ার সমস্যার কথা প্রশাসনের কাছে তুলে ধরে।প্রশাসন সূত্রে জানা গিয়েছে এই কর্মসূচি বিভিন্ন বুথে ক্যাম্প করে চলবে নভেম্বর মাস পর্যন্ত। সবকিছু ঠিক ঠাক থাকলে ২০২৬ জানুয়ারি মাসের মধ্যেই এই প্রকল্পের কাজের শুভারম্ভ হবে।এই প্রকল্পের কাজের পুরোপুরি হলে প্রচুর মানুষ দারুণ ভাবে উপকৃত হবে। রাজ্য সরকার এই প্রকল্পের কাজের শুভ সূচনা করলেও জেলা বিজেপি এই প্রকল্পের কাজ নিয়ে কটাক্ষ করতে ছাড়েনি।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |